গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বড়াইগ্রাম, নাটোর।
dwa.baraigram.natore.gov.bd

স্মারক নং- ৪৯.০১.৬৯৪৪.০০০.০২.০৪৭.২৬-২২৯ তারিখ- ২১/০৭/২০২৬ খ্রিঃ।

## ক্ষুদ্রঋণ বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় বড়াইগ্রাম, নাটোর এর মাধ্যমে "মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম"এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে ঋণ গ্রহণে আগ্রহী দরিদ্র, বেকার ও প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। আগামী ০৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদন করতে হবে।

০২। আবেদন ফরমের সাথে ভোটার আইডি কার্ড সংযোজনসহ স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক স্থায়ী বাসিন্দা হিসেবে নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে।

০৩। বয়সসীমা ১৮ বছর থেকে ৫৫ বছরের মধ্যে হতে হবে এবং ন্যূনতম অক্ষরজ্ঞান থাকতে হবে।

০৪। ঋণ প্রার্থীর ভিটে-বাড়ী থাকতে হবে অথবা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৫। পরিবারের বার্ষিক আয় সর্বোচ্চ ২ লক্ষ টাকা হতে হবে।

০৬। মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থা থেকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের ঋণ প্রদানের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে।

০৭। ঋণ প্রদানের ক্ষেত্রে স্বামী পরিত্যক্তা, বিধবা, ভিজিডি উপকারভোগী, শারীরিক প্রতিবন্ধি ও বিদেশ ফেরৎ কর্মক্ষম নারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

০৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২১/০৭/২০২৬
(মোছাঃ ডালিয়া পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বড়াইগ্রাম, নাটোর।

CamScanner